110 mm X 330 mm

# Coxia®

Etoricoxib INN

## Composition

**Coxia® 60** mg tablet: Each coated tablet contains Etoricoxib INN 60 mg.
**Coxia® 90** mg tablet: Each coated tablet contains Etoricoxib INN 90 mg.
**Coxia® 120** mg tablet: Each coated tablet contains Etoricoxib INN 120 mg.

## Pharmacology

**Coxia®** is the preparation of Etoricoxib, an NSAID that exhibits anti-inflammatory, analgesic and antipyretic activities. It is a potent, highly selective COX-2 inhibitor. COX-2 is primarily responsible for the synthesis of prostanoid mediators of pain, inflammation and fever. Selective inhibition of COX-2 decreases the clinical signs and symptoms with decreased GI toxicity and without effects on platelet function.

## Indication

**Coxia®** is indicated for relief of pain and inflammation in:

- Acute & chronic osteoarthritis
- Acute & chronic rheumatoid arthritis
- Acute gout arthritis
- Ankylosing spondylitis
- Chronic musculoskeletal disorder
- Dysmenorrhea
- Chronic low back pain
- Following dental surgery

## Dose and administration

***Route of administration:*** **Coxia®** should be taken in oral route.

**Osteoarthritis:** 30 mg once daily. Dose can be increased to 60 mg once daily.
**Chronic musculoskeletal disorder, dysmenorrhea & chronic low back pain:** 60 mg once daily.

**Rheumatoid arthritis & ankylosing spondylitis:** 90 mg once daily.
**Acute gout & following dental surgery:** 120 mg once daily.

## Hepatic impairment

In patients with mild hepatic impairment (Child-Pugh score 5-6), a dose of 60 mg once daily should not be exceeded. In patients with moderate hepatic impairment (Child-Pugh score 7-9), the dose of 60 mg every other day should not be exceeded; administration of 30 mg once daily can also be considered. **Coxia®** is contraindicated in patients with severe hepatic impairment (Child-Pugh score ≥10).

## Contraindication

It is contraindicated in patients with known hypersensitivity to etoricoxib or any other components of this product. It is also contraindicated in patients with active peptic ulceration or gastrointestinal (GI) bleeding, patients with creatinine clearance <30 ml/min, patients who have developed signs of asthma, acute rhinitis, nasal polyps, angioneurotic oedema or urticaria following the administration of acetylsalicylic acid or other NSAIDs, patient having inflammatory bowel disease and congestive heart failure.

## Warning and precaution

Caution should be taken in patients most at risk of developing a gastrointestinal complication with NSAIDs; the elderly, patients with a prior history of gastrointestinal disease, dehydration and patients with significant risk factors for cardiovascular events. Monitoring of renal function should be ensured in patients with compromised renal perfusion. Etoricoxib can cause fluid retention, oedema, hypertension and elevation in ALT and AST.

## Side effects

The most common side effects are oedema/fluid retention, dizziness, headache, palpitations, hypertension, gastrointestinal disorder and ecchymosis.

## Use in pregnancy & lactation

**Pregnancy:** Etoricoxib is contraindicated in pregnancy. If a woman becomes pregnant during treatment, etoricoxib must be discontinued.

**Lactation:** It is not known whether this drug is excreted in human milk.

## Use in children and adolescents

Safety and effectiveness in children and adolescents below 16 years of age have not been established.

## Drug interaction

**Drug interaction with medication:** Caution should be taken in concomitant use with oral anticoagulants, diuretics, other NSAIDs, ACE inhibitors, angiotensin II antagonists, lithium, methotrexate, rifampicin, oral contraceptive and HRT.

**Drug interaction with food and others:** Not applicable.

## Overdose

In case of overdose, general supportive measures and proper monitoring should be initiated.

## Storage

Store below 30°C in a dry place, protected from light. Keep away from the reach of children.

## Packing

**Coxia® 60** mg tablet: Carton of 30 tablets in blister pack.
**Coxia® 90** mg tablet: Carton of 30 tablets in blister pack.
**Coxia® 120** mg tablet: Carton of 20 tablets in blister pack.

® Registered Trade Mark


Manufactured by

**ACI HealthCare Limited**
Sonargaon Museum Gate-1 Road, Treepordi
Sonargaon, Narayanganj-1440, Bangladesh

for

**Advanced Chemical Industries PLC.**
7, Hajeegonj Road, Godnyl, Narayanganj, Bangladesh


5100000432

# কক্সিয়া®

ইটোরিকক্সিব আইএনএন

## উপাদান

**কক্সিয়া® ৬০** মিগ্রা ট্যাবলেটঃ প্রতি আবরিত ট্যাবলেটে আছে ইটোরিকক্সিব আইএনএন ৬০ মিগ্রা।
**কক্সিয়া® ৯০** মিগ্রা ট্যাবলেটঃ প্রতি আবরিত ট্যাবলেটে আছে ইটোরিকক্সিব আইএনএন ৯০ মিগ্রা।
**কক্সিয়া® ১২০** মিগ্রা ট্যাবলেটঃ প্রতি আবরিত ট্যাবলেটে আছে ইটোরিকক্সিব আইএনএন ১২০ মিগ্রা।

## ফার্মাকোলজি

**কক্সিয়া®** হলো ইটোরিকক্সিব দ্বারা তৈরি যা একটি NSAID, যার এন্টি-ইনফ্লামেটরি, এনালজেসিক ও এন্টিপাইরেটিক কার্যকারিতা রয়েছে। এটি একটি সক্রিয়, উচ্চমাত্রায় সিলেক্টিভ COX-2 ইনহিবিটর। COX-2 ব্যথা, প্রদাহ ও জ্বর উদ্দীপক প্রোস্টানয়েড মিডিয়েটরের সংশ্লেষণের জন্য প্রাথমিকভাবে দায়ী। COX-2 এর সিলেক্টিভ প্রশমনের কারণে পরিপাকতন্ত্রজনিত জটিলতা ও অণুচক্রিকার কার্যকারিতার উপর প্রভাব ব্যতীত লক্ষণ ও উপসর্গের হ্রাস ঘটে।

## নির্দেশনা

**কক্সিয়া®** নিম্নলিখিত ক্ষেত্রে ব্যথা ও প্রদাহের চিকিৎসায় নির্দেশিত-

- একিউট ও ক্রনিক অস্টিওআর্থ্রাইটিস
- একিউট ও ক্রনিক রিউমাটয়েড আর্থ্রাইটিস
- একিউট গাউট আর্থ্রাইটিস
- এনকাইলোজিং স্পন্ডাইলাইটিস
- ক্রনিক মাস্কুলোস্কেলেটাল ডিজঅর্ডার
- ডিজমেনোরিয়া
- কোমরের ক্রনিক ব্যথা
- ডেন্টাল সার্জারির পর

## সেবনমাত্রা ও প্রয়োগবিধি

***ওষুধ গ্রহণের পথঃ*** **কক্সিয়া®** মুখে গ্রহণ করতে হবে।

**অস্টিওআর্থ্রাইটিসঃ** ৩০ মিগ্রা দিনে একবার। দৈনিক ৬০ মিগ্রা পর্যন্ত মাত্রা বৃদ্ধি করা যাবে।

**ক্রনিক মাস্কুলোস্কেলেটাল ডিজঅর্ডার, ডিজমেনোরিয়া ও কোমরের ক্রনিক ব্যথাঃ** ৬০ মিগ্রা দিনে একবার।

**রিউমাটয়েড আর্থ্রাইটিস ও এনকাইলোজিং স্পন্ডাইলাইটিসঃ** ৯০ মিগ্রা দিনে একবার।

**একিউট গাউট ও ডেন্টাল সার্জারির পরঃ** ১২০ মিগ্রা দিনে একবার।

## যকৃতের অকার্যকারিতায়

মৃদু যকৃতের অকার্যকারিতায় (চাইল্ড পিউ স্কোর ৫-৬) দিনে একবার ৬০ মিগ্রার বেশি মাত্রা প্রয়োগ করা যাবে না। মধ্যম যকৃতের অকার্যকারিতায় (চাইল্ড পিউ স্কোর ৭-৯) একদিন পর পর ৬০ মিগ্রার বেশি মাত্রা প্রয়োগ করা যাবে না; দিনে একবার ৩০ মিগ্রা প্রয়োগের কথা বিবেচনা করতে হবে। গুরুতর যকৃতের অকার্যকারিতায় (চাইল্ড পিউ স্কোর ≥ ১০) **কক্সিয়া®** প্রতিনির্দেশিত।

## প্রতিনির্দেশনা

যেসব রোগীদের ইটোরিকক্সিব বা এই ওষুধের অন্যান্য উপাদানের প্রতি অতিসংবেদনশীলতা রয়েছে তাদের ক্ষেত্রে এটি প্রতিনির্দেশিত। এছাড়া যেসব রোগীদের সক্রিয় পেপটিক আলসার বা পরিপাকতন্ত্রে রক্তক্ষরণ হয়, যাদের ক্রিয়েটিনিন ক্লিয়ারেন্স <৩০ মিলি/মিনিট, যাদের অ্যাজমার লক্ষণ দেখা যায়, একিউট রাইনাইটিস, নাকের পলিপ, অ্যাসিটাইলস্যালিসাইলিক এসিড বা অন্য NSAID গ্রহণে এনজিওনিউরোটিক ইডিমা বা আর্টিকেরিয়ার রোগী, ইনফ্লামেটরি বাওয়াল ডিজিজ ও কনজেস্টিভ হার্ট ফেইলিউরের রোগীদের ক্ষেত্রেও এটি প্রতিনির্দেশিত।

## সাবধানতা ও সচেতনতা

যেসব রোগীদের NSAID গ্রহণে পরিপাকতন্ত্রজনিত জটিলতার ঝুঁকি রয়েছে, বয়স্ক রোগী, যেসব রোগীদের পূর্বে পরিপাকতন্ত্রের কোন রোগ হয়েছে, পানিশূণ্যতায় ও যাদের হৃদরোগের ঝুঁকি রয়েছে তাদের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে। বৃক্কের পারফিউশনের সমস্যা রয়েছে এমন রোগীদের বৃক্কীয় কার্যকারিতা পরীক্ষা করতে হবে। ইটোরিকক্সিব ফ্লুইড রিটেনশন, ইডিমা, উচ্চ রক্তচাপ এবং ALT ও AST বৃদ্ধির কারণ হতে পারে।

## পার্শ্ব প্রতিক্রিয়া

সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াসমূহ হলো ইডিমা / ফ্লুইড রিটেনশন, তন্দ্রাচ্ছন্নতা, মাথাব্যথা, বুক ধড়ফড় করা, উচ্চ রক্তচাপ, পরিপাকতন্ত্রের জটিলতা ও একাইমোসিস।

## গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার

**গর্ভাবস্থায়ঃ** গর্ভবতী মহিলাদের ক্ষেত্রে ইটোরিকক্সিব প্রতিনির্দেশিত। চিকিৎসা চলাকালীন কেউ গর্ভবতী হলে ইটোরিকক্সিব গ্রহণ বন্ধ করতে হবে।

**স্তন্যদানকালেঃ** মাতৃদুগ্ধে ইটোরিকক্সিব নিঃসরণের কোন তথ্য পাওয়া যায়নি।

## শিশু ও কিশোরদের ক্ষেত্রে ব্যবহার

১৬ বছরের কম বয়সের শিশু ও কিশোরদের ক্ষেত্রে নিরাপদ ব্যবহার ও কার্যকারিতা প্রতিষ্ঠিত হয়নি।

## ওষুধের প্রতিক্রিয়া

**অন্য ওষুধের সাথেঃ** ওরাল এন্টিকোয়াগুলেন্টস, ডাইইউরেটিকস, অন্যান্য NSAIDs, ACE ইনহিবিটরস, এনজিওটেনসিন II এন্টাগনিস্টস, লিথিয়াম, মেথোট্রিক্সেট, রিফামপিসিন, ওরাল কন্ট্রাসেপটিভ ও HRT এর সাথে একত্রে প্রয়োগে সতর্কতা অবলম্বন করতে হবে।

**খাবার ও অন্য কিছুর সাথেঃ** প্রযোজ্য নয়।

## মাত্রাধিক্য

মাত্রাধিক্যের ক্ষেত্রে লক্ষণ অনুযায়ী চিকিৎসা দিতে হবে এবং প্রয়োজনীয় সহায়ক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

## সংরক্ষণ

আলো থেকে দূরে, ৩০°সে. এর নিচে ও শুষ্ক স্থানে রাখুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

## প্যাকিং

**কক্সিয়া® ৬০** মিগ্রা ট্যাবলেটঃ প্রতি কার্টুনে ৩০ টি ট্যাবলেট ব্লিস্টার প্যাকে সরবরাহ করা হয়।
**কক্সিয়া® ৯০** মিগ্রা ট্যাবলেটঃ প্রতি কার্টুনে ৩০ টি ট্যাবলেট ব্লিস্টার প্যাকে সরবরাহ করা হয়।
**কক্সিয়া® ১২০** মিগ্রা ট্যাবলেটঃ প্রতি কার্টুনে ২০ টি ট্যাবলেট ব্লিস্টার প্যাকে সরবরাহ করা হয়।

® রেজিস্টার্ড ট্রেড মার্ক


প্রস্তুতকারক

**এসিআই হেলথকেয়ার লিমিটেড**
সোনারগাঁ মিউজিয়াম গেট-১ রোড, ত্রিপরদী
সোনারগাঁ, নারায়ণগঞ্জ-১৪৪০, বাংলাদেশ

বাজারজাতকারক

**এডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ পিএলসি.**
৭, হাজীগঞ্জ রোড, গোদনাইল, নারায়ণগঞ্জ, বাংলাদেশ